গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
পাস-১ অধিশাখা
www.lgd.gov.bd

স্মারক নং- ৪৬.০৮৩.২০৩.০০০.১৪.০০৫.১৫- ৪৯৭

তারিখঃ ১১ বৈশাখ ১৪২৪ / ২৪ এপ্রিল ২০১৭

প্রেরকঃ মোঃ খাইরুল ইসলাম
উপ সচিব

প্রাপকঃ প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা
স্থানীয় সরকার বিভাগ
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
৮৩/বি, নিউ সার্কুলার রোড
মৌচাক টাওয়ার (১১ তলা), মালিবাগ, ঢাকা

বিষয়ঃ ২০১৬-২০১৭ অর্থ বৎসরে অনুমোদিত জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরাধীন রাজস্ব বাজেটের আওতায় বাস্তবায়নাধীন "গোপালগঞ্জ জেলার কোটালীপাড়া উপজেলার বিভিন্ন ইউনিয়নে ৬০০টি গভীর নলকূপ স্থাপন" এর জন্য (কোড নং ৩-৩৭৪১-০০০০-৭০৪৭) রাজস্ব বাজেটে বরাদ্দকৃত অর্থের ৪র্থ কিস্তির অর্থ অবমুক্তি প্রসংগে।

নিম্নস্বাক্ষরকারী আদিষ্ট হয়ে স্থানীয় সরকার বিভাগের ১৭ নভেম্বর, ২০১৬ তারিখের ৪৬.০৮৩.২০৩.০০০.১৪.০০৫.১৫-১১৬১নং সরকারি আদেশে অনুমোদিত থোক বরাদ্দের বিভাজন অনুযায়ী "গোপালগঞ্জ জেলার কোটালীপাড়া উপজেলার বিভিন্ন ইউনিয়নে ৬০০টি গভীর নলকূপ স্থাপন" এর জন্য জিওবি বরাদ্দ হতে নিম্নরূপে অর্থ বরাদ্দের সরকারি মঞ্জুরী জ্ঞাপন করছি ঃ

বাস্তবায়নকারী সংস্থার নাম ও কোড নং-	প্রকল্পের নাম ও কোড নং	অনুমোদিত/ অননুমোদিত	কিস্তির নাম	রাজস্ব খাতের অর্থ	মূলধন খাতের অর্থ	মোট অবমুক্ত অর্থ
১	২	৩	৪	৫	৬	৭
জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, কোড নং ৩৭৪১	গোপালগঞ্জ জেলার কোটালীপাড়া উপজেলার বিভিন্ন ইউনিয়নে ৬০০টি গভীর নলকূপ স্থাপন। কোড নং- নং ৩-৩৭৪১-০০০০-৭০৪৭	অনুমোদিত	৪র্থ	-	৫০.০০ লক্ষ	৫০.০০ লক্ষ (পঞ্চাশ লক্ষ) টাকা

১। এ ব্যয় বর্তমান ২০১৬-২০১৭ অর্থ বৎসরের অনুন্নয়ন বাজেটের মঞ্জুরী নং-৩৪, স্থানীয় সরকার বিভাগ ও কোড নং-৩৭০০ কোড নং ৩-৩৭৪১-০০০০-৭০৪৭ নলকূপ খাত হতে বহন করা হবে।
২। উপরোক্ত অর্থ শুধু টাকা বরাদ্দের অংক নির্দেশ করে। (তবে শুল্ক মূল্য সংযোজন কর এবং পুনর্ভরণযোগ্য প্রকল্প সাহায্যের জন্য বরাদ্দকৃত টাকা এ অংকের বহির্ভূত)।
৩। এ বরাদ্দের অধীনে ব্যয় অনুমোদিত প্রকল্প ছকে বর্ণিত দফাওয়ারী বরাদ্দ অনুযায়ী করতে হবে এবং মোট ব্যয় অনুমোদিত ব্যয়ের অতিরিক্ত হবে না।
৪। স্থানীয় সরকার বিভাগের মাধ্যমে উক্ত ব্যয়ের তারতম্য পরীক্ষা-নিরীক্ষাপর্বক যৌক্তিকীকরণ এবং একই ধরনের কাজের ব্যয়ের একক হারের মধ্যে সামঞ্জস্য সাধন করতে হবে এবং দ্বৈততা পরিহারের বিষয়টি নিশ্চিত করতে হবে;
৫। বাস্তবায়ন, পরিচালনা এবং পরিবীক্ষণ ও মূল্যায়ন সংক্রান্ত কার্যাবলী সম্পাদনের ক্ষেত্রে অর্থ বিভাগের ২২.০৭.২০১০ তারিখের ০৭.১০৩.০১৮.০০.০০.০০১.২০১০-২৪৭ নং পরিপত্রের নির্দেশনা যথাযথভাবে অনুসরণ করতে হবে;
৬। অর্থ ছাড়ের ক্ষেত্রে উন্নয়ন প্রকল্পের অর্থ অবমুক্তি ও ব্যবহার নির্দেশিকায় বর্ণিত অর্থ ছাড়ের পদ্ধতি যথাযথভাবে অনুসরণ করতে হবে;
৭। বাস্তবায়ন কালীন মনিটরিং ও বাস্তবায়নোত্তর মূল্যায়নের জন্য মধ্যমেয়াদি বাজেট কাঠামো (MTBF) এর সাথে সামঞ্জস্যতা রেখে পরিমাপযোগ্য indicator নির্ধারণ করতে হবে;
৮। অর্থ বিভাগের অর্থনৈতিক উপদেষ্টা অনুবিভাগে ত্রৈমাসিক ভিত্তিতে এ কর্মসূচির বাস্তবায়ন প্রতিবেদন প্রেরণ করতে হবে এবং সমাপ্তির পর ৩০ (ত্রিশ) দিনের মধ্যে সমাপ্তি প্রতিবেদন অর্থ বিভাগে প্রেরণ করতে হবে;
৯। অর্থ ব্যয়/বিল পরিশোধের ক্ষেত্রে ভবিষ্যতে কোন অনিয়ম উদঘাটিত হলে সেক্ষেত্রে সংশ্লিষ্ট বিল পরিশোধকারী কর্তৃপক্ষ দায়ী থাকবেন;
১০। মন্ত্রণালয়ের বাজেটে অডিট/ সমীক্ষা ফি (কোড নং ৪৮৮৯) খাতে বরাদ্দকৃত অর্থ দ্বারা কার্যক্রম মূল্যায়ন করতে হবে;
১১। অর্থ বিভাগের অনুমোদিত বরাদ্দ অনুযায়ী পিপিএনবি (PPNB) সংশোধন করতে হবে এবং এর অনুলিপি অর্থ বিভাগের সংশ্লিষ্ট বাজেট শাখায় এবং অর্থনৈতিক উপদেষ্টা অনুবিভাগে প্রেরণ করতে হবে;

অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য

১২। বাস্তবায়ন পরবর্তীতে পানি সরবরাহ অব্যাহত রাখার স্বার্থে পরিচালনা ও রক্ষণাবেক্ষণ, মনিটরিং, পানি সরবরাহের জন্য চার্জ/ফি ইত্যাদি বিষয়াদি উল্লেখপূর্বক পিপিএনবি-তে অপারেশনাল মডেল সম্পর্কে উল্লেখ থাকতে হবে;

১৩। নলকূপ স্থাপনের স্থান নির্বাচনের ক্ষেত্রে দরিদ্র পরিবার ও অনগ্রসর এলাকাকে অগ্রাধিকার দিতে হবে।

১৪। অপেক্ষাকৃত দরিদ্র পরিবার ও অনগ্রসর এলাকাকে অগ্রাধিকার প্রদানপূর্বক স্থানীয় পর্যায়ে সরেজমিন পরিদর্শন/জরীপের মাধ্যমে নলকূপ স্থাপনের প্রাথমিক তালিকা প্রস্তুত করতে হবে।

১৫। স্থানীয় সরকার বিভাগ কর্তৃক গঠিত মনিটরিং টিম এবং উপজেলা ওয়াটসান কমিটি যৌথভাবে নলকূপের স্থান নির্বাচনের তালিকা চূড়ান্ত করবে।

১৬। নলকূপ বিতরণের ক্ষেত্রে কোনরুপ কোটা সংরক্ষণ করা যাবে না। চাহিদা, প্রয়োজন এবং জনসংখ্যার নিরিখে অগ্রাধিকারক্রমে নলকূপ বিতরণ করতে হবে।

১৭। ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে পিপিআর ২০০৮ অনুসরণসহ যাবতীয় আর্থিক বিধি বিধান যথাযথভাবে পরিপালন করতে হবে।

১৮। ৩০শে জুন/২০১৭ এর মধ্যে অব্যয়িত অর্থ সরকারি কোষাগারে জমা প্রদান করতে হবে এবং ব্যয় বিবরণী অর্থ বিভাগে প্রেরণ করতে হবে।

১৮। অনুমোদিত বিভাজন অনুযায়ী অর্থ ব্যয় করতে হবে।

১৯। এ আদেশ অর্থ বিভাগের ২৩/০৪/২০১৭ তারিখের ০৭.১১১.০৩২.০১.০০.০২০.২০১৪-২২০ নং স্বারকের সম্মতির প্রেক্ষিতে জারী করা হল।

মোঃ খাইরুল ইসলাম
উপ সচিব
ফোনঃ ৯৫৭৫৫৬২

স্মারক নং- ৪৬.০৮৩.২০৩.০০০.১৪.০০৫.১৫- ৪১৭/১(৩)

তারিখঃ ১১ বৈশাখ ১৪২৪ / ২৪ এপ্রিল ২০১৭

প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, ৮৩/বি, মৌচাক টাওয়ার, মালিবাগ, ঢাকা-কে পৃষ্ঠাংকন করার জন্য অর্থ বিভাগে (দৃঃ আঃ সিনিয়র সহকারী সচিব, বাজেট অধিশাখা-১১) ৩ প্রস্থ অনুলিপি প্রেরণ করা হল। পৃষ্ঠাংকিত জিও এর একটি অনুলিপি এ বিভাগে প্রেরণের জন্য বাজেট অধিশাখা-১১ কে অনুরোধ করা হল। এ আদেশ অর্থ বিভাগের বাজেট-১১ শাখার ২৩/০৪/২০১৭ তারিখের ০৭.১১১.০৩২.০১.০০.০২০.২০১৪-২২০ নং স্মারকে প্রদত্ত সম্মতির প্রেক্ষিতে জারী করা হল।

মোঃ খাইরুল ইসলাম
উপ সচিব

স্মারক নং- ০৭.১১১.০৩২.০১.০০.০২০.২০১৪-

তারিখঃ

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, ৮৩/বি, মৌচাক টাওয়ার, মালিবাগ, ঢাকা-কে অনুলিপি দেয়া হল। ইহাতে অর্থ বিভাগের (বাজেট অধিশাখা-১১) সম্মতি রয়েছে।

(মোঃ হেলাল উদ্দীন)
সিনিয়র সহকারী সচিব
বাজেট শাখা-১১
অর্থ বিভাগ

স্মারক নং- ৪৬.০৮৩.২০৩.০০০.১৪.০০৫.১৫- ৪১৭/২(৮)

তারিখঃ ১১ বৈশাখ ১৪২৪ / ২৪ এপ্রিল ২০১৭

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হল ঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। সদস্য, ভৌত অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরেবাংলানগর, ঢাকা।
২। সদস্য, কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরেবাংলানগর, ঢাকা।
৩। প্রধান প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ঢাকা।
৪। মহা-ব্যবস্থাপক, সরকারি হিসাব বিভাগ, বাংলাদেশ ব্যাংক।
৫। সিনিয়র সহকারী সচিব(বাজেট-১১), অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়।
৬। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ফরিদপুর সার্কেল, ফরিদপুর।
৭। পরিচালক, গোপালগঞ্জ জেলার কোটালীপাড়া উপজেলার বিভিন্ন ইউনিয়নে ৬০০টি গভীর নলকূপ স্থাপন কাজ, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর
৮। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ।

মোঃ খাইরুল ইসলাম